



ইস্ট ওয়েস্ট ভার্সিটির নয়া ওয়েবসাইট উদ্বোধন

প্রকাশিত: ৩১ - আগস্ট, ২০১৯ ১২:০০ এ. এম.

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় আরও আধুনিক, উন্নত, গতিশীল ও সহজে ব্যবহার উপযোগী ওয়েবসাইট চালু করেছে। বৃহস্পতিবার এর উদ্বোধন করেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এবং বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী। নতুন ওয়েবসাইটে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগ তাদের নিজস্ব ওয়েবপেজের মাধ্যমে বিস্তারিত তথ্য দিতে পারবে, এখানে সহজে প্রয়োজনীয় তথ্য খুঁজে পাওয়া যাবে, এছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যমের সঙ্গে খুব সহজেই সংযোগ ঘটানো যাবে। তবে ওয়েবসাইটের ঠিকানা আগের মতোই (www.ewubd.edu) থাকছে। উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ, উপাচার্য, কোষাধ্যক্ষ, ডিনবৃন্দ এবং বিভিন্ন প্রশাসনিক বিভাগের প্রধানরা। -বিজ্ঞপ্তি

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লি: ও জনকর্ত লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্ত ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১৭, ৮৩১৬৩০৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com